

জয়গান

শিখর চৌধুরী

সকল লোভকে জয় করতে পেরেছো তাই
তোমার মনে অশান্ত বিপ্লব খেলা করে
প্রতিদিন সুস্থ জীবনের কথা স্মরণ করো
আর অসুস্থ মিথ্যা কে বিসর্জন করে,
তাকে স্থান দাও মনের সিংহাসনে
তাহলেই অসাধ্য হবে সাধন।
জীবন ফিরে পাবে নতুন গতিধারা
আত্মাকে আর দিতে হবে না পাহারা
জন্মলগ্ন হতেই সে চলবে
শুদ্ধ বুদ্ধদের জীবনের স্রোতে
চতুর এ পৃথিবীর বুকে
যেখানেই পাবে কীর্তির নামাবলী
ছুঁয়ে দেখ, হয়তো পেলেও পেতে পারো
সুস্থ-শুদ্ধ কীর্তির জয়গান ॥

(যদি আমার লেখাটি সম্মানী পাবার উপযুক্ত হয়, তবে দয়া করে আমার প্রকৃত নাম বরাবর চেক ইস্যু করার বিনীত আহবান জানাচ্ছি)

(কবিতাটি প্রকাশিত হবার পর দয়া করে মোবাইল ফোনে অথবা ই-মেইলে অথবা প্রকাশিত কপির একটি স্ক্যান কপি পাঠিয়ে দিলে চিরকৃতজ্ঞ থাকবো, কারণ আমি প্রকাশিত সংখ্যাগুলো আমার সংগ্রহে রাখতে চাই এবং আমার কাছে বন্ধুবান্ধব, কুশীলব এবং পাঠকদেরকেও উক্ত সংখ্যা সংগ্রহ করার ব্যাপারে জানাতে পারবো। দয়া করে বিষয়টি গুরুত্ব দিলে চিরকৃতজ্ঞ থাকবো।)

(Attachment : Doc. File of this poem)

